

## ■■ সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৮৯

২/ সালাত (নামায) (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ আযানের সুচনা প্রসঙ্গে।

باب مَا جَاءَ فِي بَدْءِ الأَذَانِ

আরবী

حَدَّثَنَا سَعِيدُ بْنُ يَحْيَى بْنِ سَعِيدِ الْأُمُوِيُّ، حَدَّثَنَا أَبِي، حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ إِبْرَاهِيمَ بْنِ الْحَارِثِ التَّيْمِيّ، عَنْ مُحَمَّد بْنِ عَبْدِ اللَّهِ بْنِ زَيْد، عَنْ أَبِيهِ، قَالَ لَمَّا أَصْبَحْنَا أَتَيْنَا رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم فَأَخُبرْتُهُ بِالرَّوْئِيَا فَقَالً " إِنَّ هَذِهِ لَرُوْئِيَا فَقَالً " إِنَّ هَذِهِ لَرُوْئِيَا حَقِّ فَقُمْ مَعَ بِلاَلِ فَإِنَّهُ أَنْدَى وَأَمَدُّ صَوْتًا مِنْكَ فَأَلْقِ عَلَيْهِ مَا قِيلَ لَكَ وَلْيُنَادِ بِذَلِكَ " . قَالَ حَقِّ فَقُمْ مَعَ بِلاَلِ فَإِنَّهُ أَنْدَى وَأَمَدُّ صَوْتًا مِنْكَ فَأَلْقِ عَلَيْهِ مَا قِيلَ لَكَ وَلْيُنَاد بِذَلِكَ " . قَالَ فَلَمَّا سَمِعَ عُمَرُ بْنُ الْخَطَّابِ نِدَاءَ بِلاَلِ بِالصَّلاَةِ خَرَجَ إِلَى رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم وَهُوَ يَقُولُ يَا رَسُولَ اللَّهِ وَالَّذِي بَعَثَكَ بِالْحَقِّ لَقَدْ رَأَيْتُ مِثْلَ اللّهِ عليه وسلم وَهُو يَجُرُ إِزَارَهُ وَهُو يَقُولُ يَا رَسُولَ اللَّهِ وَالَّذِي بَعَثَكَ بِالْحَقِّ لَقَدْ رَأَيْتُ مِثْلَ اللّهِ عَلَى وَاللّهُ عَلَى اللهُ عَلَى اللهُ عَلَى اللّهُ عَلَى اللهُ عَلَى اللهُ عَلَى اللّهُ عَلَى اللّهُ عَلَى اللّهُ عَلَى اللّهُ عَلَى اللّهُ عَلَى اللهُ عَلَى اللّهُ عَنْ اللّهِ بْنُ زَيْدِ حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . الْبَابِ عَنِ ابْنِ عُمَرَ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ عَبْدِ اللّهِ بْنُ زَيْدٍ حَدِيثٌ حَسَنٌ صَحَيحٌ . وَقَدْ رَوَى هَذَا الْحَدِيثَ إِبْرَاهِيمُ بْنُ سَعْد عَنْ مُحَمَّد بْنِ إِسْحَاقً أَتَمَّ مِنْ هَذَا الْحَدِيثِ وَقَلْ الله عليه وسلم شَيْئًا يَصِحُ إِلاَ فَاللّهُ بِنُ زَيْدٍ عَلَى الله عليه وسلم شَيْئًا يَصِحُ إِلاَ وَعَبْدُ رَبِهِ وَيُقَالُ ابْنُ عَبْدِ رَبِ وَلَا نَعْدُ فِلُ لَهُ عَنِ النَّبِيِّ صَلَى الله عليه وسلم شَيْئًا يَصِحُ إِلاَ اللّهِ بْنُ زَيْدٍ بَنِ عَاصِمٍ الْمَازِنِيُّ لُهُ أَكَادِيثُ عَنِ النَّبِي صَلَى الله عليه وسلم شَيْئًا يَصِحُ عَنِ النَّبِي صَلَى الله عليه وسلم شَيْئًا يَصِحُ عَنِ النَّبِي صَلَى الله عليه وسلم وهلم وهُو عَمُّ عَبًادِ بْنِ تَعِيمٍ .

বাংলা

১৮৯. সাঈদ ইবনু ইয়াহইয়া ইবনু সাঈদ আল ইমাবী (রহঃ) ...... আবদুল্লাহ ইবনু যায়দ রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণনা করেন যে, সকাল হলে আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে আসলাম এবং তাঁকে আমার স্বপ্নের কথা বললাম। তিনি বললেন এটি নিশ্চয় সত্য স্বপ্ন। তুমি বিলালের সঙ্গে দাঁড়াও। তাঁর আওয়াজ তোমার চেয়ে উচ্চ এবং দীর্ঘ। তোমাকে স্বপ্ন যা বলে দেয়া হয়েছে তাঁকে তা বলে দাও। সে সেই ভাবে ডাক দিবে।



আবদুল্লাহ ইবনু যায়দ রাদিয়াল্লাহু আনহু বলেন উমর ইবনুল খাত্তাব রাদিয়াল্লাহু আনহু যখন সালাতের জন্য বিলালের এই ডাক শুনতে পেলেন তখন তিনি তাঁর ইযার টানতে টানতে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে ছুটে এলেন। বললেন হে আল্লাহর রাসূল! যিনি আপনাকে সত্যসহ প্রেরণ করেছেন সেই সত্তার কসম, বিলাল যে ভাবে ডাক দিয়েছেন আমিও তা স্বপ্নে দেখেছি। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন আল্লাহরই প্রশংসা। আর এ-ই যথোযুক্ত পদ্ধতি। - ইবনু মাজাহ ৭০৬, তিরমিজী হাদিস নম্বরঃ ১৮৯ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে ইবনু উমর রাদিয়াল্লাহু আনহ থেকেও হাদিস বর্ণিত রয়েছে। ইমাম আবূ ঈসা তিরমিযী (রহঃ) বলেনঃ আবদুল্লাহ ইবনু যায়দ রাদিয়াল্লাহু আনহু বর্ণিত হাদিসটি হাসান ও সহীহ। মুহাম্মাদ ইবনু ইসহাক (রহঃ) এর বরাতে ইবরাহীম ইবনু সা'দ এই হাদিসটিকে আরো পুর্নাঙ্গ ও দীর্ঘ করে রিওয়ায়াত করেছেন। এতে তিনি আযানের সময় কালেমাগুলো দুইবার করে উচ্চারণ করা এবং ইকামতের বেলায় একবার করে উচ্চারণ করার কথা উল্লেখ করেছেন। এই আবদুল্লাহ ইবনু যায়দ হলেন আবদুল্লাহ ইবনু যায়দ ইবনু আবদি রাব্বি। তিনি ইবনু আবদি রাব্বি নামেও প্রসিদ্ধ। আযানের বিষয় এই একটি হাদিস ব্যতীত আর কোন সহীহ রিওয়ায়াত তাঁর বরাতে বর্ণিত আছে বলে আমাদের জানা নেই। তবে আবদুল্লাহ ইবনু যায়দ ইবনু আসিম আল মাযিনী (রহঃ) এর বরাতে বহু হাদিস বর্ণিত হয়েছে। ইনি হলেন আববাদ ইবনু তামীমের চাচা।

## **English**

Albdullah bin Zaid narrated:

"When we awoke, we went to Allah's Messenger to inform him of the dream. He said: 'Indeed this dream is true. So go to Bilal, for he has a better and louder voice than you. Convey to him what was said to you, so that he may call (to the prayer) with that.'" He said: "When Umar bin Al-Khattab heard Bilal calling for the prayer he went to Allah's Messenger, and he was dragging his Izar, (as he was hurrying) saying: 'O Allah's Messenger! By the One Who sent you with the truth! I dreamt the same as what he said."' He said: "So Allah's Messenger said: 'To Allah is the praise, so that confirms it even more.'"

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ্ ইবন যায়দ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন